



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৯ আগস্ট ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

অন্তর্বর্তীকালীন সরকারকে ইউপিডিএফের অভিনন্দন

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত বিকাশ খীসা ড. ইউনুসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তীকালীন সরকারকে অভিনন্দন জানিয়েছেন।

তিনি আন্দোলনে নেতৃত্বদানকারী ছাত্রসমাজের দুই প্রতিনিধিকে অন্তর্বর্তীকালীন সরকারে অন্তর্ভুক্ত করাকে দেশের ইতিহাসে এক যুগান্তকারী ও আশাসঞ্চারী ঘটনা বলে অভিহিত করেন এবং এ সরকারের যৌক্তিক পদক্ষেপসমূহকে ইউপিডিএফ তথা পার্বত্য চট্টগ্রামের জনগণ সমর্থন ও সহযোগিতা প্রদান করবে বলে জানান।

আজ ৯ আগস্ট শুক্রবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফ নেতা এসব কথা বলেন এবং নব্বইয়ের গণঅভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের মতো ব্যর্থ হতে দেয়া যাবে না বলে মন্তব্য করেন।

নতুন সরকারের কাছে প্রত্যাশার কথা তুলে ধরে ইউপিডিএফ নেতা বলেন, 'বিগত ফ্যাসিস্ট সরকারের সীমাহীন দুর্নীতি, লুটপাট ও অন্যায়-জুলুমের মাধ্যমে সারাদেশে যে জঞ্জাল সৃষ্টি করেছে তা ধীরে ধীরে সাফ করতে হবে এবং পার্বত্য চট্টগ্রামে যে নিষ্ঠুর দমন-পীড়ন চলেছে তা বন্ধ করে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনতে হবে।'

বিবৃতিতে তিনি আরও বলেন, 'এ লক্ষ্যে প্রাথমিক কাজ হবে অবিলম্বে আটক ইউপিডিএফ নেতা-কর্মী ও সমর্থকসহ সকল রাজবন্দীকে মুক্তি দেয়া, জুলাই-আগস্ট অভ্যুত্থানের সময় সংঘটিত হত্যাকাণ্ড ও পার্বত্য চট্টগ্রামে বিপুল-সুনীল-লিটন-রুহিন হত্যাসহ ফ্যাসিস্ট সরকারের জমানায় পরিচালিত সকল হত্যার বিচার ও অপরাধীদের শাস্তি নিশ্চিত এবং ফ্যাসিস্ট সরকারের সহযোগীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা যাতে ভবিষ্যতে এ দেশে আর কোন ফ্যাসিবাদী স্বৈরাচারী শাসন কায়েম হতে না পারে।'

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।